

227059 - কারো অজান্তে তার পক্ষ থেকে সদকা করা

প্রশ্ন

পিতামাতা জীবিত থাকাবস্থায় আমি যদি তাঁদের পক্ষ থেকে সদকা করি তাঁদেরকে অবহিত করা বা জানানো কি অপরিহার্য?
পিতামাতা ছাড়া অন্য কারো পক্ষ থেকে সদকা করা কি জায়েয। আমি কি অন্য কোন লোকের পক্ষ থেকে সদকা করতে পারি?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

অন্যের পক্ষ থেকে সদকা করলে সে সদকার ব্যাপারে ঐ ব্যক্তিকে জানানো ওয়াজিব নয়। অনুরূপভাবে শুধু নিকটাত্মীর পক্ষ থেকে সে সদকা হওয়া শর্ত নয়। বরং আত্মীয় বা অনাত্মীয় যে কোন ব্যক্তির পক্ষ থেকে সদকা করা জায়েয।

‘নাইলুল মাআবির বি শারহি দালিলিত তালিব’ (১/২৩৭) গ্রন্থে এসেছে-

জীবিত বা মৃত মুসলমানের জন্য যদি কোন মুসলিম নেক কাজ করে এর সওয়াব উৎসর্গ করে মুসলিম সে সওয়াব পাবে। যদিও সে মুসলিম না জানে কে তার জন্য নেক কাজটি করল। এমন নেক কাজের মধ্যে রয়েছে- দুআ ও ইসতিগফার। সমাণ্ড

শাইখ বিন বায (রহঃ) বলেন:

পিতামাতার জন্য বা অপর কারো জন্য সদকা করলে কবুল হয় এবং উপকার দেয়। অতএব, জীবিত মৃত উভয়ের জন্য সদকার মধ্যে বহু কল্যাণ রয়েছে। সমাণ্ড নুরুন (১৪/৩০৩) আলাদ দারব থেকে]

আরও জানতে দেখুন নং [218872](#) ফতোয়ার জবাব ও [157658](#) নং ফতোয়ার জবাব।

আল্লাহই ভাল জানেন।